(১৪) তিনি সরকার, উপজেলা পরিষদ বা অন্য কোন

# স্থানীয় সরকার বিভাগ

## (ক) স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

### উপজেলা প্রকৌশলী

(১) তিনি উপজেলা পরিষদ চেয়ারম্যানের তত্ত্বাবধানে ও উপজেলা নির্বাহী অফিসারের সমন্বয়ে কাজ করিবেন এবং তিনি হস্তান্তরিত বিষয়ে নথি উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে উপজেলা পরিষদ চেয়ারম্যানের নিকট অনুমোদনের জন্য পেশ করিবেন।

(২) তিনি উপজেলা পরিষদ এবং সরকার কর্তৃক অর্পিত নির্মাণ, উন্নয়ন, রক্ষনাবেক্ষণ এবং মেরামত কাজের পরিকল্পনা, প্রাক্কলন প্রণয়নসহ স্কিম প্রস্তুতকরণের দায়িত্ব পালন করিবেন।

(৩) তিনি উপজেলা পরিষদ এবং সরকার কর্তৃক অর্পিত নির্মাণ, উন্নয়ন, রক্ষণাবেক্ষণ ও মেরামত কাজ নিয়মিত তদারকি করিবেন এবং কাজের গুণগত মান নিশ্চিত করিবার লক্ষ্যে যথাযথ পদক্ষেপ গ্রহণ করিবেন।

(৪) তিনি উপজেলা পরিষদ বা সরকার কর্তৃক তাঁহার উপর অর্পিত ক্রয় কার্যক্রম (পাবলিক প্রকিউরমেন্ট) পাবলিক প্রকিউরমেন্ট আইন এবং বিধিমালা অনুযায়ী সম্পন্ন করিবেন।

(৫) তিনি উপজেলা ও ইউনিয়ন পরিষদকে নির্মাণ, উন্নয়ন, রক্ষণাবেক্ষণ, মেরামত কাজে কারিগরী পরামর্শ ও সহায়তা দিবেন।

(৬) তিনি সংশ্লিষ্ট বিভাগ/সংস্থার সমন্বয়ে উন্নয়ন কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা করিবেন।

(৭) তিনি উপজেলার সড়কসহ অন্যান্য ভৌত অবকাঠামোর ডাটাবেজ প্রণয়ন ও নিয়মিত হালনাগাদ করিবেন।

(৮) তিনি উপজেলার সড়কসহ অন্যান্য ভৌত অবকাঠামোর উন্নয়ন পরিকল্পনা প্রণয়নে উপজেলা পরিষদকে সহায়তা করিবেন এবং উপজেলা পরিকল্পনা বই প্রণয়ন, রক্ষণাবেক্ষণ ও হালনাগাদ করিবেন।

(৯) তিনি উপজেলা পরিষদ অথবা সরকার কর্তৃক অর্পিত প্রাথমিক শিক্ষা উন্নয়ন সম্পর্কিত অবকাঠামো এবং অন্যান্য অবকাঠামো নির্মাণ, উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ কাজ বাস্তবায়ন করিবেন।

(১০) তিনি উপজেলার ক্ষুদ্র পানি সম্পদ স্কীম যেমন-খাল খনন, বাঁধ, সেচনালা ও পানি অবকাঠামো নির্মাণ ইত্যাদি কাজের পরিকল্পনা ও বাস্তবায়নের দায়িত্ব পালন করিবেন।

(১১) তিনি উপজেলার গ্রোথসেন্টার/হাটবাজার উন্নয়ন, রক্ষণাবেক্ষণ ও মেরামতের অর্পিত দায়িত্ব পালন করিবেন।

(১২) তিনি তাঁহার আওতাধীন চলমান নির্মাণ, উন্নয়ন, রক্ষণাবেক্ষণ, মেরামত কাজ বাস্তবায়নের নিয়মিত অগ্রগতি প্রতিবেদন উপজেলা পরিষদ এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট দাখিল করিবেন।

(১৩) তিনি সাইটের অর্ডার বই, কাজের ডাইরী ও সাইটের মালামালের হিসাব তদারক করিবেন।

(১৪) তিনি প্রয়োজনীয় ক্ষেত্রে নির্মাণ, রক্ষণাবেক্ষণ ও মেরামত কাজের জন্য মালামাল সংগ্রহ ও সংরক্ষণের ব্যবস্থা গ্রহণ করিবেন।

(১৫) তিনি আইন ও বিধি অনুসারে অর্থ ব্যয় করিবেন এবং খরচের যথাযথ হিসাব সংরক্ষণ করিবেন।

(১৬) তিনি স্টোর ও মালামাল সংরক্ষণে প্রয়োজনীয় নিরাপত্তামূলক ব্যবস্থা গ্রহণ করিবেন।

(১৭) তিনি যথাসময়ে স্টোর এবং মালামালের প্রতিপাদনের জন্য দায়ী থাকিবেন।

(১৮) তিনি তাঁহার দপ্তরের মাধ্যমে তথ্য প্রযুক্তি ব্যবহার ও প্রয়োগ সম্প্রসারণে সার্বিক সমন্বয়কের দায়িত্ব পালন করিবেন।

(১৯) তিনি সরকার, উপজেলা পরিষদ বা অন্য কোন উপযুক্ত কর্তৃপক্ষ প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন করিবেন।

## উপজেলা সহকারী প্রকৌশলী

(১) তিনি উপজেলা প্রকৌশলীর তত্ত্বাবধানে এবং নির্দেশনা অনুযায়ী দায়িত্ব পালন করিবেন।

(২) তিনি উপজেলা প্রকৌশলী কর্তৃক প্রণীত কর্মবন্টন অনুযায়ী অর্পিত সকল দায়িত্ব পালন করিবেন।

(৩) তিনি উপজেলা প্রকৌশলীর উপর অর্পিত উপজেলা এবং ইউনিয়ন পর্যায়ে সকল কর্মকান্ড বাস্তবায়নে সার্বিক সহায়তা প্রদান করিবেন।

(৪) তিনি উপজেলা প্রকৌশলীর উপর অর্পিত সকল উন্নয়ন, রক্ষণাবেক্ষণ ও মেরামত সম্পর্কিত সম্পাদিত কাজের বিল পরীক্ষা নিরীক্ষা করিয়া উপজেলা প্রকৌশলীর নিকট উপস্থাপন করিবেন।

(৫) তিনি উপজেলা প্রকৌশলীর নির্দেশনা অনুযায়ী তাঁহার অধীনস্ত কর্মকর্তা/কর্মচারীদের জন্য নির্ধারিত বিভাগীয় প্রশিক্ষণে প্রশিক্ষক হিসাবে দায়িত্ব পালন করিবেন।

(৬) তিনি সরকার, উপজেলা পরিষদ, উপজেলা প্রকৌশলী কিংবা অন্য কোন উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অন্য যে কোন দাপ্তরিক দায়িত্ব পালন করিবেন।

## উপসহকারী প্রকৌশলী

(১) তিনি উপজেলা প্রকৌশলী এবং উপজেলা সহকারী প্রকৌশলীর তত্ত্বাবধানে এবং নির্দেশনা অনুযায়ী দায়িত্ব পালন করিবেন।

(২) তিনি উপজেলা প্রকৌশলী এবং উপজেলা সহকারী প্রকৌশলী কর্তৃক প্রণীত কর্মবন্টন অনুযায়ী অর্পিত সকল দায়িত্ব পালন করিবেন।

(৩) তিনি উপজেলা প্রকৌশলী এবং উপজেলা সহকারী প্রকৌশলী কর্তৃক উপজেলা এবং ইউনিয়ন পর্যায়ে সকল কর্মকান্ড বাস্তবায়নে সার্বিক সহায়তা প্রদান করিবেন।

(৪) তিনি উপজেলা প্রকৌশলী এবং উপজেলা সহকারী প্রকৌশলীর নির্দেশনা অনুযায়ী সার্ভেয়ার ও কার্যসহকারীদের বিভিন্ন উন্নয়নমূলক কাজে নিয়োজিত করিবেন এবং তাঁহাদের কাজ তদারক করিবেন।

(৫) তিনি তাঁহার দায়িত্বাধীন সকল উন্নয়নমূলক ও রক্ষণাবেক্ষণ কাজের বিল সরেজমিনে যাছাইবাছাইপূর্বক কাজের মাপ সংশ্লিষ্ট মাপবহিতে রেকর্ড করিয়া সেই অনুযায়ী বিল সুপারিশ করিবেন।

(৬) তিনি সরকার, উপজেলা পরিষদ, উপজেলা প্রকৌশলী কিংবা অন্য কোন উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অন্য যে কোন দাপ্তরিক দায়িত্ব পালন করিবেন।

## নক্সাকার (উপসহকারী প্রকৌশলী)

(১) তিনি উপজেলা প্রকৌশলী এবং উপজেলা সহকারী প্রকৌশলীর তত্ত্বাবধানে এবং নির্দেশনা অনুযায়ী দায়িত্ব পালন করিবেন।

(২) তিনি সকল ধরণের উন্নয়নমূলক ও রক্ষণাবেক্ষণ কর্মকান্ডের স্কীম প্রণয়নের লক্ষ্যে প্রয়োজনীয় কারিগরী নক্সা প্রস্তুত করিবেন।

(৩) তিনি উপজেলা প্রকৌশলী এবং উপজেলা সহকারী প্রকৌশলী কর্তৃক প্রণীত কর্মবন্টন অনুযায়ী অর্পিত সকল দায়িত্ব পালন করিবেন।

(৪) তিনি উপজেলা প্রকৌশলী এবং উপজেলা সহকারী প্রকৌশলীর নির্দেশনা অনুযায়ী সার্ভেয়ার ও কার্যসহকারীদের বিভিন্ন উন্নয়নমূলক কাজে নিয়োজিত করিবেন এবং তাঁহাদের কাজ তদারক কবিবেন।

(৫) তিনি তাঁহার দায়িত্বাধীন সকল উন্নয়নমূলক ও রক্ষণাবেক্ষণ কাজের বিল সরেজমিনে যাছাইবাছাইপূর্বক কাজের মাপ সংশ্লিষ্ট মাপবহিতে রেকর্ড করিয়া সেই অনুযায়ী বিল সুপারিশ করিবেন।

(৬) স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের উপজেলা এবং ইউনিয়ন পর্যায়ে সকল কর্মকান্ড বাস্তবায়নে সার্বিক সহায়তা প্রদান করিবেন।

(৭) তিনি সরকার, উপজেলা পরিষদ, উপজেলা প্রকৌশলী কিংবা অন্য কোন উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অন্য যে কোন দাপ্তরিক দায়িত্ব পালন করিবেন।